

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
www.emrd.gov.bd



নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০০১.২০.১৩৭৯

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭

০২ জুন ২০২০

অফিস আদেশ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক স্বাস্থ্য বিধি সংক্রান্ত ১২ দফা নির্দেশনা প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। এছাড়া, এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য কতিপয় নির্দেশনা প্রদান করেছেন।

০২। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক স্বাস্থ্য বিধি সংক্রান্ত ১২ দফা যথাযথভাবে প্রতিপালনের পাশাপাশি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) কোন ভিজিটর **Allow** করা যাবে না;
- (খ) ইন্টারনেটের (ই-নথি, ই-মেইল ইত্যাদি) মাধ্যমে যোগাযোগ করতে হবে;
- (গ) কোন ভিজিটর চেয়ার রাখা যাবে না। যাদের দরকার তাঁরা টেলিফোনে কথা বলবেন;
- (ঘ) স্বাস্থ্য সেবা বিভাগের ১২ দফা নির্দেশনা প্রতিপালন করতে হবে;
- (ঙ) প্রতি ঘন্টায় করিডোর ও অন্যান্য কক্ষ সুইপ করতে হবে;
- (চ) দরজার নব, সিটকিনি, বৈদ্যুতিক সুইচ, রিমোট ইত্যাদি নিয়মিত বিরতিতে জার্মিসাইড দিয়ে মুছতে হবে;
- (ছ) প্রবেশ পথে থার্মাল গানের মাধ্যমে প্রতিদিন তাপমাত্রা রেকর্ড করতে হবে;
- (জ) বুটের মাইক্রোবাসের প্রতি সারিতে দু'জন দু'প্রান্তে বসবে;
- (ঝ) অফিসে প্রবেশের পর কাজ শেষ হওয়ার আগে বের হওয়া যাবে না, কাজ ছাড়া অন্য কক্ষে যাওয়া যাবে না;
- (ঞ) সর্বাবস্থায় মাস্ক ব্যবহার করতে হবে;
- (ট) AC ব্যবহার বন্ধ রাখতে হবে ও জানালা খোলা রাখতে হবে;
- (ঠ) হাতঘড়ি, ব্রেসলেট, আংটি, চেইন ইত্যাদি পরে অফিসে আসা যাবে না;
- (ড) মোজাসহ জুতা পরে অফিসে আসা উত্তম, চটি/স্যানেল পরে না আসা সবার জন্য মঞ্জলজনক;
- (ঢ) অফিস চলাকালীন চোখকে জীবাণুমুক্ত রাখতে চশমা বা সানগ্লাস ব্যবহার করতে হবে এবং
- (ন) জরুরী ও অত্যাবশ্যকীয় ব্যতীত সকল সভা ভার্চুয়াল উপস্থিতিতে আয়োজন করতে হবে।

২-৬-২০২০

মোহাম্মাৎ ফারহানা রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫১৪১৬৫

ইমেইল:

dsadmin1@emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০২০.৯৯.০০১.২০.১৩৭৯/১(২৯)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭  
০২ জুন ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১) সকল কর্মকর্তা/কর্মচারী জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



২-৬-২০২০

মোছাম্মাৎ ফারহানা রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)